দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 JUL 1998
পৃষ্ঠা ৪ কলাম ৭

# বেসরকারী শিক্ষক কর্মচারীরা পাহাড়ী ভাতা পাচ্ছেন না

জনকণ্ঠ রিপোর্ট

কেবলমাত্র তিন পার্বত্য জেলার বেসরকারী শিক্ষক-কর্মচারীরা 'পাহাড়ী ভাতা' পান না। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত সকল কর্মকর্তা-কর্মচারী 'পাহাড়ী ভাতা' পেলেও বেসরকারী শিক্ষক-কর্মচারীরা এ ভাতা থেকে বঞ্চিত হচ্ছেন। বিগত সব সরকারের আমলেই বেসরকারী শিক্ষকদের এ দাবি পূরণের আশ্বাস দেয়া হয়েছে। কিন্তু এই আশ্বাস কার্যকর করা হয়নি। প্রায় এক বছর আগে বর্তমান শিক্ষামন্ত্রীও 'পাহাড়ী ভাতা' প্রদানের আশ্বাস দিলে পার্বত্য জেলার বেসরকারী শিক্ষক-কর্মচারীরা ধর্মঘট প্রত্যাহার করেন। কিন্তু আজও তাদের সে দাবি মেনে নেয়া হয়নি।

জানা গেছে, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার সকল স্তরের সরকারী চাকরিজীবীরা মূল বেতনের শতকরা ৩০ ভাগ হারে সর্বোচ্চ ৭শ' ৫০ টাকা পাহাড়ী ভাতা পান। তিন পার্বত্য জেলার স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান ও স্থানীয় সংসদ সদস্যরাও এই দাবি মেনে নেবার জন্য সরকারের প্রতি অনুরোধ জানিয়েছেন।

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের 'পাহাড়ী ভাতা' সম্পর্কে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, যেহেতু পাহাড়ী এলাকার সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী পাহাড়ী ভাতা পান সেহেতু সেখানকার বেসরকারী শিক্ষক-কর্মচারীদেরও এটা প্রাপ্য। তিনি আরও বলেন, বর্তমান প্রধানমন্ত্রী শিক্ষকদের প্রতি সহানুভূতিশীল। শিক্ষামন্ত্রীও নীতিগতভাবে তাদের দাবি মেনে নেয়ার আশ্বাস দিয়েছেন। তাই অচিরেই পাহাড়ী এলাকার শিক্ষকদের দাবি সরকার মেনে নেবে বলে শিক্ষক সমিতি ফেডারেশন প্রত্যাশা করে।